

## ইন্ডিয়ান স্ট্যাটিস্টিক্যাল ইন্সটিটিউট কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি লিমিটেড

(রেজি নং: সি আর ৭, তারিখ: ০২-০৮-১৯৭৫)

২০৩ বি. টি. রোড, কোলকাতা-৭০০ ১০৮

২৬/০৯/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪৮ তম বার্ষিক সাধারণ সভায় বিবেচনার জন্য প্রস্তাবিত বার্ষিক প্রতিবেদন ও ১লা এপ্রিল ২০২৪ থেকে ৩১শে মার্চ ২০২৫ পর্যন্ত পরীক্ষিত বাৎসরিক হিসাব উপস্থাপনা করছি।

**শোক প্রস্তাব:** বিগত বার্ষিক সাধারণ সভার পর থেকে এ পর্যন্ত প্রয়াত সোসাইটির সদস্য শ্রী দীনেশ কুমার যোগী (৯০২২), বিভিন্ন ব্যক্তিবর্গ এবং সন্ত্রাসবাদী হানার ও প্রাকৃতিক বিপর্যয়ে নিহত সকল মানুষের উদ্দেশ্যে জানাই গভীর শোক ও তাঁদের পরিবারবর্গের প্রতি জানাই গভীর সমবেদনা।

সোসাইটির ৪৮ তম বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সকলকে বর্তমান পরিচালন সমিতির পক্ষ থেকে স্বাগত জানিয়ে আপনাদের বিবেচনা ও অনুমোদনের জন্য আগামী বছরের সম্ভাব্য নীতি ও কর্মসূচী প্রস্তাব উপস্থাপনা করছি।

**সদস্য:** আলোচ্য আর্থিক বছরে এই সমবায় সমিতি ৩১ জন নতুন সদস্য / সদস্যা পেয়েছে। তাঁদের উষ্ণ অভিনন্দন জানাই ও সমিতির বিভিন্ন কর্মসূচীতে তাঁদের সক্রিয় অংশগ্রহণ আশা করি। অবসর ও অন্যান্য কারণে বর্তমান বছরে ৩২ জন সদস্য / সদস্যা হ্রাস পেয়েছে। বর্তমান আর্থিক বছরের শেষে আমাদের সমিতিতে ৩৮৩ জন সদস্য/সদস্যা আছেন। ৩৮২ জন সদস্য / সদস্যা গত (২০২৩-২৪) আর্থিক বছরে ছিলেন।

**প্রেক্ষাপট:** আমাদের সোসাইটি কেন্দ্রীয় কৃষি এবং সমবায় দপ্তরের ([mscs.dac.gov.in](http://mscs.dac.gov.in)) যুক্ত- রাজ্য (Multi state) সমবায় আইনে নথিভুক্ত। কেন্দ্রীয় সরকারের পরিষেবা সহ নয়া কর নীতির ফলে সমবায় আইনের যে মূল লক্ষ্য (Objective) সম্মিলিত স্বচ্ছাশ্রমের সদস্যদের সামাজিক ও অর্থনৈতিক সমৃদ্ধি, তা বাধা প্রাপ্ত হচ্ছে। সমিতির লভ্যাংশ পূর্বের বৎসরের তুলনায় খুব সামান্য বৃদ্ধি হয়েছে। এই পরিস্থিতিকে শোধরানোর কথা বলে কেন্দ্রীয় সরকার যে নতুন কো অপারেশন মন্ত্রক তৈরী করেছে, তা কেন্দ্রীকরণের রাস্তা এবং অগণতান্ত্রিক হস্তক্ষেপের রাস্তা প্রশস্ত করেছে, যার ফলে আগামী দিনে সমবায় আন্দোলনটি মূলগতভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা আছে।

**অভিজ্ঞতা ও গৃহীত কর্মসূচী:** ২০২৪-২৫ অর্থবর্ষের পরিচালন অভিজ্ঞতা থেকে বোঝা গেছে যে হ্রাসপ্রাপ্ত সদস্য / সদস্যা সংখ্যা, চাহিদা ও আইন অনুযায়ী সদস্যদের ঋণদানের পর, মাসিক ঋণ শোধ বাবদ প্রাপ্ত উদ্বৃত্ত অর্থ ব্যাঙ্কে স্থায়ী আমানতে ঝুঁকিবিহীন লগ্নী করার ফলে এবং ক্রমহ্রাসমান ব্যাঙ্ক সুদ বার্ষিক লভ্যাংশকে সংকুচিত করেছে। তবে প্রয়োজন অনুযায়ী এবং সোসাইটির স্বাস্থ্য অনুযায়ী ঋণ সীমা বৃদ্ধি করা হয়েছে। বর্তমানে শেয়ারের ১০ গুণের পরিবর্তে ১৫ গুণ ঋণ দান করা হয়েছে। বিগত বছরের Statement পরিচালন সমিতির নেতৃত্বে সকল সদস্য/সদস্যদের হাতে পৌঁছে দিতে সমর্থ হয়েছি।

এই অর্থবর্ষে সাধারণ ও জরুরী ঋণ অনুমোদিত হয়েছে। সদস্য/ সদস্যা দের অবসরের সময় সোসাইটির প্রদান করা সান্মানিকের (Memento) গুণমান বৃদ্ধি করা গিয়েছে। সোসাইটির ওয়েব সাইট ([www.isical.ac.in/cooperative](http://www.isical.ac.in/cooperative)) প্রস্তুত করে দরখাস্ত, নোটিশ, প্রভৃতি খুব সহজে দেশের নানা প্রান্তে সদস্য/ সদস্যা দের কাছে প্রেরণ প্রক্রিয়া চালু হয়েছে। ঋণের অনুমোদন প্রক্রিয়া ও তহবিল ছাড়াও

লভ্যাংশ (Dividend) স্থানান্তর দ্রুত করার জন্য অনলাইন তথ্য প্রযুক্তির সাহায্য নিয়ে ফর্ম সংগ্রহ থেকে শুরু করে সদস্যদের ব্যাঙ্ক একাউন্ট-এ সরাসরি টাকা জমা করার ব্যবস্থা করা হয়েছে।

বর্তমানে পুরীতে "HOTEL NEW BLUE VIEW" এ শীতাতপ নিয়ন্ত্রিত হলিডে হোম নেওয়া আছে এবং নতুন একটি ঘর নেওয়া হয়েছে যেটা অক্টোবর ২০২৪ থেকে চালু হয়ে গেছে। বর্তমান আর্থিক বছরে আমাদের হলিডে হোম খুব ভালো ভাবেই চলছে।

অনেক প্রতিকূলতা সত্ত্বেও আমরা ২০২৫ এর ৩১শে মার্চ, সদস্য/সদস্যদের কাছে থাকা শেয়ার মূল্যের বার্ষিক ২% লভ্যাংশ প্রদান করতে সক্ষম হয়েছি।

- ১) আমরা বর্তমান সমবায় পরিচালন কমিটি (Festival Loan, Consumer Loan, Personal Loan এবং Fixed Deposit Scheme চালু রাখতে পেরেছি। Emergency Loan ৯০,০০০/- টাকা থেকে ১,৫০,০০০/- টাকা করেছি। সদস্য/সদস্যদের সর্বাধিক লোনের পরিমাণ ৬,০০,০০০/- থেকে ৭,০০,০০০/- পর্যন্ত করতে পেরেছি। সমবায়ের উন্নতির স্বার্থে ভবিষ্যতে আরো কিছু প্রকল্প নেবার জন্য সচেষ্ট হবো।
- ২) সোসাইটির সদস্যদের কাছে বিনীত আবেদন যে, আর্থিক স্বার্থের কারণে তারা ন্যূনতম শেয়ার সংখ্যা ৬০০ টি করে রাখবেন।
- ৩) যারা এখনও আমাদের এই সমবায় সমিতির সদস্যপদ গ্রহণ করেননি, তাঁদের অন্তর্ভুক্ত করার জন্য আমরা সকলে সচেষ্ট হব।

ঋণদান সমবায় সমিতির সীমিত কর্মপরিধির মধ্যে ঋণগ্রহীতা ও মিতব্যয়ী সকল সদস্য / সদস্যের স্বার্থ রক্ষার প্রয়োজনে সমিতিতে বিভিন্ন সামাজিক প্রকল্পের মাধ্যমে সামিল করে উন্নয়নের এই ধারা বজায় রাখা আমাদের আশু কর্তব্য। সকল সদস্য / সদস্যদের শেয়ার নম্বর যুক্ত শংসাপত্র দেওয়া গেলে সমিতির পক্ষে সরাসরি সদস্য/সদস্যদের শেয়ার ক্রয় বিক্রয় করা সম্ভব হবে। এই সোসাইটিতে আমরা সকলে অংশীদার। তাই জটিলতা এড়াতে সবাই মিলে Multi-state সমবায় নিজেদের এই সমিতির উন্নতিকল্পে যে কোন বিষয়ে আপনাদের সুচিন্তিত মতামত ও গঠনমূলক সমালোচনা আমাদের এগিয়ে চলার পথ মসৃন করবে এই আশা রাখি।

৪৮ তম বার্ষিক সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ ও উষ্ণ অভিনন্দন।

দিলীপ হালদার  
শ্রী দিলীপ কুমার হালদার  
(সম্পাদক)